সংবাদ।

তারিখ ২২।৩।৮১
পৃষ্ঠা ... কলাম ...

442

043

# কৃষি অনুষদের সম্ভাব্যতা পরীক্ষার জন্য কমিটি

উপ-রাষ্ট্রপতি জনাব আব্দুস সাত্তার ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদের সম্ভাব্যতা পরীক্ষা করে দেখার জন্য গতকাল শনিবার কৃষি ও বন- প্রতিমন্ত্রী ডঃ ইকবাল মাহমুদের নেতৃত্বে ৬ সদস্যের একটি কমিটি নিয়োগ করেছেন।

কমিটির অন্য সদস্যরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ ফজলুল হালিম চৌধুরী, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এ, কে, এম আমিনুল হক, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদের নির্বাহী পরিচালক ডঃ কাজী বদরুদ্দোজা, কৃষি ও বন মন্ত্রণালয়ের সচিব জনাব এ, জেড, এম ওবায়দুল্লাহ খান এবং স্বরাষ্ট্র সচিব জনাব এম, এম, জামান।

কমিটিকে এক মাসের মধ্যে তার রিপোর্ট পেশ করতে বলা হয়েছে। খবর বাসস'র।